

বিজিএ/কাস/২০২২/২০৩

১৫ সেপ্টেম্বর, ২০২২

## সম্মানিত সকল সদস্যের জন্য


বিষয়ঃ স্ট্যান্ডিং কমিটি অন সাব-কন্ট্রোলিং, বিজিএমইএ'র প্রথম সভার সিদ্ধান্ত আবহিতকরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। গত ১০ আগস্ট, ২০২২ তারিখে স্ট্যান্ডিং কমিটি অন সাব-কন্ট্রোলিং, বিজিএমইএ'র প্রথম সভা বিজিএমইএ'র সম্মানিত সহ-সভাপতি জনাব মোঃ শহীদউল্লাহ আজিম এর সভাপতিত্বে বিজিএমইএ'র গুলশান কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

উক্ত সভার সিদ্ধান্তসমূহ প্রয়োজনীয় কার্যার্থে নিম্নে তুলে ধরা হলোঃ

- (ক) বিজিএমইএ'র সদস্য বহির্ভূত প্রতিষ্ঠানের সাথে সাব-কন্ট্রোলিং কার্যক্রম সম্পাদনের ফলে কোনো সমস্যার সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব বিজিএমইএ বহন করবে না।
- (খ) সাব-কন্ট্রোলিং কার্যক্রম সম্পাদনে কারখানার প্রয়োজনে উক্ত কমিটি'কে অবগত করা হলে সংশ্লিষ্ট সদস্য প্রতিষ্ঠান'কে সর্বাত্মক সহযোগিতা করা হবে।
- (গ) সাব-কন্ট্রোলিং ক্ষেত্রে কোনো অভিযোগ উত্থাপিত হলে সংশ্লিষ্ট সকলকে বিজিএমইএ কাস্টমস শাখার উপসচিব জনাব মোঃ কাওছার আলীর নিকট দরখাস্ত প্রেরণ করতে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব